

মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাসের হার ২৬.৮৩ ভাগ

নিজস্ব বার্তা পরিবেশক : মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় গড়ে ২৬ দশমিক ৮৩ ভাগ পরীক্ষার্থী পাস করেছে। মোট ৬৭ হাজার ৫শ' ৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১৭ হাজার ৫শ' ৬৩ জন।

আলিম পরীক্ষায় মুজাব্বির মাহির বিভাগের কোন পরীক্ষার্থী পাস করেনি। এ পরীক্ষায় ৪শ' ৫২ জন ছাত্র ও ৭২ জন ছাত্রী অংশ নেয়। অন্যদিকে মুজাব্বির মাহির (পার্সিয়ান) বিভাগে কোন পরীক্ষার্থী ১ম, ২য় বা ৩য় বিভাগ পায়নি। এ বিভাগে ১শ' ৭৮ জন বিশেষ পাস করেছে। পরীক্ষার্থী সংখ্যা ছিল ২শ' ২১ জন।

আলিম পরীক্ষায় ১ম বিভাগে পেয়েছে ২ হাজার ৪শ' ২৩ জন। ২য় বিভাগে ১০ হাজার ৪শ' ৪৪ জন ও ৩য় বিভাগে মাদ্রাসা : পৃঃ ২ কঃ ১

মাদ্রাসা : পাসের হার

(১ম পৃষ্ঠার পর) পেয়েছে

৪ হাজার ৫শ' ১৮ জন। ৫২ হাজার ১শ' ৩৬ জন ছাত্র ও ১৫ হাজার ৪শ' ৪৭ জন ছাত্রীর মধ্যে পাস করেছে ১৪ হাজার ২শ' ৯৭ জন ছাত্র ও ৩ হাজার ২শ' ৬৬ জন ছাত্রী।